

সারাদেশ

সরাইলে মহাসড়কে আন্ডারপাস নির্মাণের দাবিতে মানববন্ধন

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৪৫ PM



ঢাকা-সিলেট মহাসড়কের ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার দক্ষিণ কুটাপাড়া এলাকায় কৃষকদের নিরাপদ যাতায়াতের জন্য আন্ডারপাস নির্মাণের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২১ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে মহাসড়কের কুটাপাড়া অংশে স্থানীয় কৃষকদের উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়।

মানববন্ধনে অংশগ্রহণকারীরা বিভিন্ন শ্লোগান দেন এবং ব্যানার নিয়ে মহাসড়কের পাশে অবস্থান করেন। এ সময় তাঁরা কৃষক বাঁচলে বাঁচবে দেশ, আন্ডারপাস চাই অবিলম্বে এবং নিরাপদ পারাপারের অধিকার, আন্ডারপাস চাই এবার সহ বিভিন্ন শ্লোগান দেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ঢাকা-সিলেট মহাসড়কের এ অংশে চার লেনের নির্মাণকাজ চলমান। মহাসড়কের দক্ষিণ পাশে রয়েছে বিস্তীর্ণ ফসলি জমি। এসব জমিতে যেতে প্রতিদিন কৃষকদের লাঙল, ট্রাক্টর, গবাদিপশু ও উৎপাদিত ফসল নিয়ে ব্যস্ত মহাসড়ক পার হতে হয়। এতে দুর্ঘটনার ঝুঁকির পাশাপাশি কৃষকদের সময় নষ্ট হচ্ছে এবং কৃষিকাজও ব্যাহত হচ্ছে।

তাঁরা বলেন, কুটাপাড়া ও আশপাশের এলাকার বিপুলসংখ্যক মানুষ কৃষির ওপর নির্ভরশীল। মহাসড়কের দক্ষিণ পাশে থাকা কয়েক হাজার

বিঘা ফসলি জমিতে যাতায়াতের জন্য বর্তমানে কোনো নিরাপদ পারাপারের ব্যবস্থা নেই। ফলে জীবনের ঝুঁকি নিয়ে মহাসড়ক পার হতে হচ্ছে কৃষকদের। এ কারণে দুর্ঘটনার আশঙ্কাও বাড়ছে।

বক্তারা কৃষকদের নিরাপদ যাতায়াত ও কৃষিকাজ নির্বিঘ্ন করতে দ্রুত একটি আন্ডারপাস নির্মাণের দাবি জানান। একই সঙ্গে আন্ডারপাস নির্মাণে দ্রুত উদ্যোগ নেওয়া না হলে আরও কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন তাঁরা। মানববন্ধনে সরাইল সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল জব্বার, মোহাম্মদ অহি উদ্দিন মুন্সি, এমরান মিয়াসহ স্থানীয় কৃষক প্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি ও বিভিন্ন সামাজিক সংগঠনের নেতারা বক্তব্য দেন। কর্মসূচি শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দ্রুত আন্ডারপাস নির্মাণের দাবিতে স্মারকলিপি দেওয়ার সিদ্ধান্তের কথা জানান এলাকাবাসী।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাসায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...